দৈনিক ইনকিলাব

তারিখ 01 AUG 1996
পৃষ্ঠা 1 কলাম 3

# পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

বিভাগে ৭ হাজার ৩২৪ জন, দ্বিতীয় বিভাগে ৪২ হাজার ৫৭৬ জন, তৃতীয় বিভাগে ১১ হাজার ৭৯৮ জন উত্তীর্ণ হয়েছে।

যশোর বোর্ডে পাসের হার শতকরা ৬৬.৬৬। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮০ হাজার ৭৩৮, কৃতকার্য হয়েছে ৫৩ হাজার ৮২২ জন। এর মধ্যে প্রথম বিভাগে ৭ হাজার ৮৫৩ জন, দ্বিতীয় বিভাগে ৩৭ হাজার ১৮৩ জন, তৃতীয় বিভাগে ৮ হাজার ৭৮৬ জন উত্তীর্ণ হয়েছে।

**উৎসুক পরীক্ষার্থীরা**

গতকাল সকাল থেকেই পরীক্ষার্থী ছাত্র-ছাত্রী, তাদের অভিভাবক-অভিভাবিকাবৃন্দ, শুভার্থীরা পরীক্ষার ফলাফল জানার জন্যে বোর্ড অফিস, পত্র-পত্রিকা অফিসে যোগাযোগ শুরু করেন। সকাল ৮টা নাগাদ বোর্ড অফিস প্রাঙ্গণে ছাত্রদের ভীড় বাড়তে থাকে। বোর্ড অফিস কর্তৃপক্ষ ফলাফল টাঙ্গিয়ে দিলেও উৎসুক ছাত্রদের টানাটানিতে তা মুহূর্তেই টুকরো টুকরো হয়ে যায়। কর্তৃপক্ষ সূত্রে পরে জানা গেছে, তারা ঢাকা শহরের মোট ৪টি স্কুলে ফলাফল পাঠিয়ে দিয়েছে।

**স্কুল ছুটি**

ঢাকা শহরের যে সব স্কুলে ফলাফল পাঠানো হয়েছে, সে সব স্কুল গতকাল ছাত্র ও জনতার হৈ-চৈ-এর কারণে ছুটি দিয়ে দিতে হয়। প্রতিটি স্কুলে ভীড় জমায় অসংখ্য পরীক্ষার্থী

# কুমিল্লা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

কামরুল আহসান (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) কুমিল্লা জিলা স্কুল।

সিকক *১৫ আবুল কালাম সারোয়ার (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) সিলেট ক্যাডেট কলেজ।

(২) ফৌজ— *২১ ইকবাল মুর্শেদ কবীর (গ,সাবি,উগ,জ্যাকা) ফৌজদারহাট ক্যাডেট কলেজ।

(৩) কুম—১ *২৬৩ মোস্তফা জামানুল বাহার (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) কুমিল্লা জিলা স্কুল।

(৪) চিট—১ *৬৬৮ শান্তনু দত্ত (গ,ভূ,সাবি,ক্যা,জ্যাকা); চট্টগ্রাম কলেজিয়েট স্কুল।

(৫) (দু'জন) কুম—৩ *২ রায়হান কিবরিয়া (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) কুমিল্লা ক্যাডেট কলেজ এবং সিকক *২৩ এম, নূরুজ্জামান চৌধুরী (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) সিলেট ক্যাডেট কলেজ।

(৬) চাঁদ— *২৯২ সৈয়দ মোঃ ফকরুল আহছান (গ,ভূ,সাবি,উগ,বাহি) চাঁদপুর হাসান আলী সরকারী উচ্চ বিদ্যালয়।

(৭) (দু'জন) কুম—১ *২৫৯ মোহাম্মদ এনামুল খালেক ভূঞা (গ,সাবি,উগ,জ্যাকা) কুমিল্লা জিলা স্কুল এবং চিট—১ *৬০৮ আলাউদ্দিন আহমদ (ইং,গ,সাবি,উগ,ফ) চট্টগ্রাম কলেজিয়েট স্কুল।

(৮) ফৌজ— *৮ হাসিব মোহাম্মদ শকুর (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) ফৌজদারহাট ক্যাডেট কলেজ।

(৯) কুম—১ *২৬০ সৌমিত্র সরকার (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) কুমিল্লা জিলা স্কুল।

(১০) চিট—১ *৬১০ মোহাম্মদ হাসান সরোয়ার (গ,সাবি,ক্যা,উগ,) চট্টগ্রাম কলেজিয়েট স্কুল।

# ঢাকা বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

(১) মির্জাপুর— *২৭০৬৭ সুলতান মাহমুদ সিদ্দিক (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা), মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল।

(২) ঢাকা *৬৮৫০ মোহাম্মদ জাহিদ হাসান (গ,ভূ,সাবি,উগ,বাহি) ধানমণ্ডি গভঃ বয়েজ হাই স্কুল।

(৩) ঢাকা *ম ৭০৭৯ সোনিয়া বেগ (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) বি,এ,এফ শাহীন স্কুল ও কলেজ, ঢাকা।

(৪) মির্জাপুর *২৭১১৩ জাহিদুল মুরশালিন (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল।

(৫) (দুই জন) মির্জাপুর *২৭০৭১ মোঃ আমিনুর র..ান (গ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল। মির্জাপুর *২৭০৮৯ মোহাম্মদ ওয়াহিদুল ইসলাম (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল।

(৬) (তিন জন) ঢাকা *৪৫৭৩ মীর শরিফুল আজম (গ,ভূ,সাবি,উগ,বাহি) গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা। ঢাকা *ম ৭২১৭ শামছুন নাহার (গ,ভূ,সাবি,ইধ,উগ) বি,এ,এফ শাহীন স্কুল ও কলেজ, ঢাকা। মির্জাপুর *২৭০৯৫ মোঃ মাহবুব হোসেন (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল।

(১০) (চার জন) ঢাকা *৪৫৭৭ সুতীর্থ কবীর (গ,ভূ,সাবি,উগ,বাহি) গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা। ঢাকা *৪৫৮১ রইছ আহমাদ (গ,সাবি,উগ,বাহি) গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল ঢাকা। মির্জাপুর *২৭০৭৫ মোঃ মোখলেসুর রহমান সরকার (গ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ। টাঙ্গাইল। মির্জাপুর *২৭১০৫ মুস্তাফিজুর রহমান খান (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল।

(৭) (দু'জন) ঢাকা *৪৫৭৫ মোঃ এনামুল হক (গ,ভূ,সাবি,উগ,বাহি) গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা। ঢাকা *৪৫৭৮ শাফকাত আহমদ (গ,ভূ,সাবি,উগ,বাহি) গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল।

(৮) ঢাকা *২৫৮১ ফয়ছল আহমেদ (গ,সাবি,উগ,বাহি) মতিঝিল মডেল হাই স্কুল, ঢাকা।

(৯) (দু'জন) মির্জাপুর *২৭০৯৪ মোঃ মাহিন আকতার (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ। টাঙ্গাইল। মির্জাপুর *২৭১১৬ মোঃ মেহদী হাসান (গ,ভূ,সাবি,উগ,জ্যাকা) মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল।

তারিখ ..01 AUG 1986...
পৃষ্ঠা... ...1... কলাম... 3 ...

দৈনিক ইত্তেফাক





## জাহিদুল মুরসালিন প্রকৌশলী হবে

।। স্টাফ রিপোর্টার ।।

ঠিকানা মিলিয়ে ৬৬ ঝিগাতলা পৌঁছে কড়া নাড়লাম। দরজা খুলে দিল এক উজ্জ্বল কিশোর। তাকেই জিজ্ঞাস করলাম জাহিদুল মুরসালিন কি বাসায়? স্মীতহাস্যে এবারের মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৪র্থ স্থানের অধিকারী জাহিদ জানালো তারই নাম জাহিদুল মুরসালিন। ডাক নাম জয়। মির্জাপুর ক্যাডেট কলেজ

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## ওয়াহিদুল ইসলাম ব্যারিস্টার হতে চায়

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় পঞ্চম স্থান অধিকার করেছে মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র ওয়াহিদুল ইসলাম।

সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থায় বিশ্বাসী ওয়াহিদুল ভবিষ্যতে ব্যারিস্টার হওয়ার ইচ্ছে রাখে।

টেস্টের আগে ওয়াহিদুল ক্যাডেট কলেজের বাঁধা-ধরা নিয়মের মধ্যে

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

প্রথম পৃঃ পর

থাকে। পুরনো ঢাকার অনেক মিষ্টির দোকানেই গতকাল সন্ধ্যে নাগাদ আর মিষ্টি পাওয়া যায়নি।

পরীক্ষায় কৃতকার্য ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকরা গতকাল দুপুর থেকেই মিষ্টির দোকানে মূল ক্রেতা ছিলেন। এ সময় দোকানের কর্মচারীদের ব্যস্ততা বেড়ে যায়।

একটি মিষ্টির দোকানে খোঁজ নিয়ে জানা গেছে, অন্যান্য দিনের তুলনায় গতকাল বেশী মিষ্টি তৈরী করা হয়েছে।

## মৃত মহিলার সন্তান প্রসব

প্রথম পৃষ্ঠার পর

মায়ের পিতা-মাতা শিশুকে রক্ষার জন্যে তাদের মেয়ের মৃত্যুর অনুমোদন করেছিল কিন্তু শিশুটির পিতা চাচ্ছিলেন তার স্ত্রীর জীবন রক্ষা করতে।

পরে চূড়ান্তভাবে ঐক্যমত হয় যে, শিশুটিকে গর্ভ থেকে বাইরে আনার মত উপযুক্ত না হওয়া পর্যন্ত মাকে বাঁচিয়ে রাখতে হবে।

ছ'মাস অন্তঃসত্ত্বা থাকাকালে একটি ব্রেন টিউমারে অস্ত্রপচারের তিন দিন পর মা মেরী হেণ্ডারসনের মৃত্যু হয়েছিল।

## নিরাপত্তা বাহিনী

প্রথম পৃঃ পর

মুখপাত্র জনান, বিভিন্ন পদমর্যাদার মাত্র ১০ জন অফিসার নিয়ে পি এস এফ গঠন করা হয়। কয়েক বছরের মধ্যে শেষ পর্যন্ত এই সংখ্যা দাঁড়াবে ৮২ জনে। এ নিরাপত্তা বাহিনী দেশের অন্য কোন বাহিনীর সমান্তরাল বা কোন সহায়ক বাহিনী নয়। মুখপাত্র বলেন যে, বিশ্বের অধিকাংশ দেশে এ ধরনের নিরাপত্তা বাহিনী রয়েছে এবং তারাও এ ধরনের দায়িত্ব পালন করে থাকেন।

বিভিন্ন বাহিনী থেকে আগত পি এস এফ-এর সদস্যগণ নিজস্ব বাহিনীতে অন্তর্ভুক্ত থেকেই পর্যায়ক্রমে দায়িত্ব পালন করে থাকেন।

## সুলতান মাহমুদ

প্রথম পৃঃ পর

মেধা তালিকায় প্রথম হয়েছে। মির্জাপুর ক্যাডেট কলেজের কৃতি ছাত্র সুলতান ৫টি লেটারসহ ৮৫০ নম্বর পেয়ে এই গৌরবের অধিকারী হয়।

ছাত্র রাজনীতি বিমুখ সুলতান ভবিষ্যতে ডাক্তার হওয়ার ইচ্ছে পোষণ করে। বিষয়টির প্রতি আগ্রহ এবং আর্ত মানবতার সেবামূলক মনোবৃত্তি থেকেই তার এ ইচ্ছে পোষণ।

সুলতান মনে করে, ছাত্রদের রাজনীতির সঙ্গে জড়িত হওয়া উচিৎ নয়। ছাত্ররা রাজনীতির সঙ্গে জড়িত হলে পড়াশোনা কখন করবে?

সুলতান ক্যাডেট কলেজের বাঁধা ধরা নিয়মের মধ্যে নিয়মিত ৪/৫ ঘন্টা পড়াশোনা করতো। টেস্টের পর পিতা-মাতার সঙ্গে ঢাকায় অবস্থানকালে সে দু'জন গৃহ শিক্ষকের কাছে পড়াশোনা করেছে।

পড়াশোনার ব্যাপারে তাকে উৎসাহ দিয়েছে তার বাবা-মা ও কলেজের শিক্ষকবৃন্দ।

গতকাল সকাল ১১টা পর্যন্ত সুলতান ও তার মা জানতেন, সে দ্বিতীয় স্থান অধিকার করেছে। সাংবাদিকদের কাছে প্রথম স্থান প্রাপ্তির কথা জেনে তার অনুভূতি কি জানতে চাইলে সে বলে, খুব ভালো লাগছে।

সুলতানের বাবা জনাব বদরুল ইসলাম সিদ্দিকী বিএডিসি'র ডিভিশন্যাল ম্যানেজার, মা আনিসা সিদ্দিকী একজন গৃহিনী। তিন ভাই এক বোনের সংসারে সুলতানই বড়।

## রাজশাহী বোর্ড

প্রথম পৃঃ পর

সম্মিলিত মেধা তালিকার প্রথম দশটি স্থান অধিকারীদের নাম নিম্নে দেয়া হলো।

১। রাজ ক্যাডেট— ২৪ মোঃ সাইফুল ইসলাম (ইং,অং,ভূ,সাবি,গ,জ্যাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

২। রাজ ক্যাডেট— ৪০ আ,ব,ম, হাসানুজ্জামান (ইং,অং,ভূ,সাবি,গ,জ্যাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

৩। রাজ ক্যাডেট— ৩০ মোঃ মাহবুব আলম (অং,ভূ,সাবি,গ,জ্যাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

৪। দিন—১ মোঃ মোস্তাফিজুর রহমান (অং,ভূ,সাবি,গ,বাহি) দিনাজপুর জিলা স্কুল।

৫। রাজ ক্যাডেট— ১৭ এ,কে,এম,শামসুল কবির (ইং,অং,ভূ,সাবি,গ,কাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

৭৬। (দু'জন) রাজ— ম ৮৪১ সুলক্ষণা শ্যামানাথ (অং,ভূ,সাবি,গ,জ্যাকা) রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল। রাজ ক্যাডেট— ১ মোঃ সামসুল আবেদীন (অং,ভূ,সাবি,গ,কাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

৭। রাজ ক্যাডেট— ১০ মোঃ আমিরুল ইসলাম (অং,ভূ,সাবি,গ,কাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

৮। (দু'জন) রাজ ক্যাডেট— ৫ মোঃ তারিকুল ইসলাম (ইং,অং,ভূ,সাবি,গ,কাকা) রাজশাহী ক্যাডেট কলেজ। রাজ ক্যাডেট— ১১ আই,কে,এম, মোস্তাহসেনুল বাকী (অং,ভূ,সাবি,গ,কাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

৯। রং—১ মোঃ শামিমুল ইসলাম (ইং,অং,সাবি,গ,জ্যাকা) রংপুর জিলা স্কুল।

১০। রাজ ক্যাডেট— ২৬ সাদ মুহাম্মদ শেহাব (অং,ভূ,সাবি,গ,জ্যাকা) রাজশাহী ক্যাডেট কলেজ।

## জাহিদ

প্রথম পৃষ্ঠার পর

কেন?

জনাব রহমত আলী বলেন, আমার ছেলের সুনিশ্চিত রেজাল্ট ওরা হরণ করে নিয়ে গেছে। চক্রান্ত করে ওকে দ্বিতীয় করা হয়েছে।

তিনি বলেন, আজ আমার সবচেয়ে আনন্দের দিন ছিল অথচ আজ জীবনে সবচেয়ে বেদনার দিন। ওরা যা ছিনিয়ে নিয়ে গেছে তা আমার ছেলের জীবনের দুর্লভ গৌরব ছিল।

জাহিদের মা মিসেস নাদিরা রহমত বলেন, আমি বিশ্বাস করি, আমার ছেলে প্রথম হয়েছে।

জাহিদ হাসান তাপস ভবিষ্যতে নিউক্লিয়ার ফিজিক্সে পড়াশোনা করবে। সে মনে করে, এ বিষয়টির অনেক দিক এখনও অনাবিষ্কৃত।

জাহিদ প্রতিদিন ১২ থেকে ১৪ ঘন্টা পড়াশোনা করতো। ধানমন্ডী গভঃ হাই স্কুলের ছাত্র জাহিদের পড়াশোনার মূল প্রেরণা হিসেবে কাজ করেছে তার মা। তাঁর উৎসাহ ও সহযোগিতা না পেলে কোন কিছুই সম্ভব ছিল না বলে জাহিদ মনে করে।

জাহিদ সপ্তম শ্রেণী থেকে বরাবর প্রথম হয়ে আসছে। ছাত্র রাজনীতি সম্পর্কে তার আগ্রহ নেই তবে প্রয়োজনে রাজনীতিতে নামতে আপত্তি থাকবে না।

এক সপ্তাহের মধ্যে তার লিখিত একটি বিজ্ঞান ভিত্তিক গ্রন্থ বাজারে আসবে। বইটির নাম 'এসো ধূমকেতুর রাজ্যে'। এছাড়াও ৪টি বই লেখা সমাপ্ত হয়ে আছে। এগুলো হচ্ছে—মহাবিশ্বের মহাকাশ ফাড়ি, সৌরলোকের সন্ধানে, এসো পরমাণুর গভীরে এবং এখন আকাশ নীল (উপন্যাস)। দু'ভাই এক বোনের মধ্যে জাহিদই বড়। ওর বাবা জনাব রহমত আলী সুপ্রীম কোর্টের এডভোকেট। তিনি কৃষক রাজনীতির সঙ্গে জড়িত। মা নাদিরা রহমত একজন গৃহিনী।

দৈনিক ইনকিলাব

0 1 AUG 1986
তারিখ ... ১ ... ৩
পৃষ্ঠা ... কলাম ...

## যশোর বোর্ড

প্রথম পৃষ্ঠার পর

বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম দশ জন হচ্ছেঃ

(১) ঝিনাইদহ ক্যাডেট—১* মোঃ শাহেদ ফারুক সিনহা, ঝিনাইদহ ক্যাডেট কলেজ (ইং,গ,সাবি,ভূ,উগ,জ্যাকা)

(২) যশোর ক্যান্ট—ম ১* ফারহানা মান্নান, দাউদ পাবলিক স্কুল (গ,ভূ,সাবি,উগ,টা)

(৩) বরিশাল ক্যাডেট—৫১* মোঃ হাসান শহীদ, বরিশাল ক্যাডেট কলেজ (ইং,গ,ভূ,সাবি,উগ,জ্যাকা)

(৪) যশোর ক্যান্ট—২* কাজী ওয়াসিফ আহমেদ, দাউদ পাবলিক স্কুল (ইং,গ,ভূ,সাবি,উগ,টা)

(৫) ঝিনাইদহ ক্যাডেট—৭* মোঃ জিয়া হাসান চৌধুরী, ঝিনাইদহ ক্যাডেট কলেজ (ইং,গ,ভূ,সাবি,উগ,জ্যাকা)

(৬) যশোর ক্যান্ট—৫৪* মোহাম্মদ আশরাফ-উল-ইসলাম বি,এ,এফ, শাহীন স্কুল ও কলেজ (গ,ভূ,উগ,সাবি,টা)

(৭) ঝিনাইদহ ক্যাডেট—২২* হাসান মাহমুদ রেজা, ঝিনাইদহ ক্যাডেট কলেজ (ইং,গ,সাবি,উগ,জ্যাকা)

(৮) বরিশাল ক্যাডেট—২৩* এ,এস,এম, তারিকুল ইসলাম বরিশাল ক্যাডেট কলেজ (ইং,ভূ,সাবি,ইং,উগ,)

(৯) ঝিনাইদহ ক্যাডেট—৪৯* আবু হেনা মোঃ শফিউল বারী, ঝিনাইদহ ক্যাডেট কলেজ (গ,ভূ, সাবি,উগ,জ্যাকা)

(১০) ঝিনাইদহ ক্যাডেট—৩* এস,এম, জিয়াউল আজিম ঝিনাইদহ ক্যাডেট কলেজ (গ,ভ,সাবি,উগ,জ্যাকা)

## জাহিদুল মুরসালিন

প্রথম পৃষ্ঠার পর

হতে জাহিদ এবার এ কৃতিত্ব অর্জন করেছে।

জাহিদ ভবিষ্যতে প্রকৌশলী হতে চায়। এ ব্যাপারে সে এখন থেকেই কৃতসংকল্প। জাহিদের বাবা জনাব মোঃ মজিরুল ইসলাম বিজেএমসি'র জেনারেল ম্যানেজার। মা জোবেদ[া] ইসলাম ঝিগাতলা আদর্শ স্কুলে[র] শিক্ষয়িত্রী।

## ওয়াহিদুল

প্রথম পৃষ্ঠার পর

৩/৪ ঘন্টা এবং টেস্টের পরে নিয়মি[ত] ৭/৮ ঘন্টা পড়াশোনা করেছে।

ওয়াহিদুলের বাবা জনাব আবদু[ল] হালিম মোল্লা একজন তহসিলদা[র]। তার মা নাসিমা খাতুন। তা[র] পড়াশোনার পেছনে কাকাদের উৎসা[হ] সবচেয়ে বেশী প্রেরণা যুগিয়েছে। [সে] সর্বমোট নাম্বার পেয়েছে ৮৩১।

## ৪টি বোর্ডে প্রথম

প্রথম পৃষ্ঠার পর

তিনি পেয়েছেন মোট ৮৫৯ নাম্বার। সম্মিলিত মেধা তালিকায় প্রথমদে[র] মাঝে তৃতীয় হচ্ছেন ঢাকা বোর্ডে[র] সুলতান মাহমুদ সিদ্দীক। মির্জাপু[র] ক্যাডেট কলেজের ছাত্র সিদ্দীক ৫টি বিষয়ে লেটার মার্কসহ মোট ৮৫[৯] নাম্বার পেয়েছেন। এ তালিকায় সবা[র] পরে রয়েছেন কুমিল্লা বোর্ডের ছা[ত্র] মোহাম্মদ কামরুল আহসান। কুমিল্[লা] জিলা স্কুল থেকে পরীক্ষা দিয়ে তি[নি] লেটার পেয়েছেন ৫টি বিষয়ে। তাঁ[র] প্রাপ্ত মোট নাম্বার হচ্ছে ৮৪৩। লক্ষ্যণীয় এবারের ৪ জন ফার্স্ট বয়ে[র] মাঝে ৩ জনই হচ্ছেন ক্যাডে[ট] কলেজের ছাত্র।



ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান দখলকারী সুলতান মাহমুদ সিদ্দিক ও তার মা —ইনকিলাব

## মিষ্টির দোকানে 'বেজায় ভীড়

।।স্টাফ রিপোর্টার।।

গতকাল এস, এস, সি পরীক্ষার ফল প্রকাশের পরপরই ঢাকার সব ক'টি মিষ্টির দোকানে ক্রেতার ভীড় বাড়তে

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## সুলতান মাহমুদ প্রথম হয়েছে সে ডাক্তার হবে

।। সাইফুল আলম ।।

ঢাকা বোর্ডে এস, এস, সি পরীক্ষায় সুলতান মাহমুদ সিদ্দীক সম্মিলিত

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন


## কামরুল ইসলাম

প্রথম পৃষ্ঠার পর

কামরুল নিয়মিত ৮/৯ ঘন্টা পড়াশোনা করেছে। স্কুল পরীক্ষায় সে কোনদিনই প্রথম হয়নি। টেস্টে তার স্থান ছিল তৃতীয়।

বর্তমান শিক্ষা, রাজনীতি ও সমাজ ব্যবস্থা সম্পর্কে কামরুলের নেতিবাচক মনোভাব রয়েছে। সে মনে করে, শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন প্রয়োজন, পরীক্ষা পদ্ধতি পাল্টানো দরকার।

কামরুল মনে করে, বর্তমানে সামাজিক মূল্যবোধ নষ্ট হয়ে গেছে। কামরুলরা তিন ভাই, এক বোন। মা সুফিয়া রহমান একজন গৃহিণী। বাবা জনাব রহমান পল্লী উন্নয়ন বোর্ডে সহকারী পরিচালক।



## কামরুল ইসলাম কুমিল্লা বোর্ডে প্রথম সে ডাক্তার হতে চায়

।। স্টাফ রিপোর্টার ।।

কুমিল্লা বোর্ডে এস,এস,সি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে কুমিল্লা জেলা স্কুলের ছাত্র কামরুল ইসলাম। সে ৮৪৩ নম্বর পেয়ে এই গৌরবের অধিকারী হয়েছে।

কামরুল ভবিষ্যতে ডাক্তার হবার ইচ্ছে পোষণ করে। মানুষের সেবা করার জন্যেই কামরুল এ পেশাকে গ্রহণ

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন



## ফারহানা মান্নান শিক্ষিকা হতে চায়

যশোর, ৩১ জুলাই (নিজস্ব সংবাদদাতা)।— ফারহানা মান্নান সাওন (১৬) একজন শিক্ষক হয়ে মানুষ ও দেশ গড়ার কাজে নিজেকে আত্মনিয়োগ করতে চায়।

চলতি বছরে যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় সে দ্বিতীয় স্থান লাভ করেছে। সাওন এবার যশোর দাউদ পাবলিক ক্যান্টনমেন্ট স্কুল থেকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেন।

যশোরস্থ বিএডিসি নির্মাণ বিভাগের নির্বাহী প্রকৌশলী আবদুল মান্নানের জ্যেষ্ঠা কন্যা। সাওন গত ১৯৮৩ সালে একই স্কুল থেকে ৮ম শ্রেণীতেও জুনিয়র বৃত্তি পরীক্ষাতে ট্যালেন্ট পুলে বৃত্তি লাভ করে।

সাওনের মা হাসিনা মান্নান ৩/৪ বছর যাবত বাগেরহাট মহিলা কলেজে অধ্যাপনার কাজ করছেন।



## সোনিয়া বেগ চিকিৎসক হতে চায়

।। স্টাফ রিপোর্টার ।।

আর্ত মানবতার সেবায় নিজেকে উৎসর্গ করার লক্ষ্যে পেশা হিসেবে সোনিয়া চিকিৎসা বিজ্ঞানকে বেছে নেবে। স্ত্রী রোগে বিশেষজ্ঞ চিকিৎসক হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে সোনিয়া দৃঢ়, সংকল্পবদ্ধ। সোনিয়া বেগ এ বছরের ঢাকা বোর্ডের মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৩য় স্থান অধিকার করেছে। সোনিয়া কে জি ক্লাশ হতেই বি, এ, এফ শাহীন স্কুলের ছাত্রী। মাধ্যমিক পরীক্ষায়ও শাহীন স্কুল থেকেই ৩য় স্থান লাভের গৌরব অর্জন করেছে। মেধাবী ছাত্রী সোনিয়া বেগ ৫ম এবং ৮ম শ্রেণীতে টেলেন্টপুলে বৃত্তি পেয়েছিল।

সোনিয়ার বাবা গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) সৈয়দ আহমদ পরিকল্পনা কমিশনের ডিভিশন চীফ, মা নাসরীন রাজিয়া আহমদ সমাজকর্মী ও গৃহিনী।

সোনিয়া এখন সউদী আরবে। তার বাবা-মার সাথে হজ্বব্রত পালনের জন্য সোনিয়া ফলাফল প্রকাশের আগেই ঢাকা ত্যাগ করেছে।

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 1986
পৃষ্ঠা ... 1 কলাম ... 3

# চারটি বোর্ডের এস এস সি পরীক্ষার ফল প্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের চারটি বোর্ডের এস, এস, সি পরীক্ষার ফল গতকাল বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। চারটি বোর্ডের সম্মিলিত পাসের হার শতকরা ৬৬·৩৯।

চলতি বছর মার্চ-এপ্রিলে অনুষ্ঠিত ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর এই চার বোর্ডের এস, এস, সি পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩ লাখ ৬৬ হাজার ৩৮১। পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা হচ্ছে ২ লাখ ৪১ হাজার ১৩৪ জন।


চার বোর্ডের পরীক্ষার্থী ছাত্রের সংখ্যা ছিল ২ লাখ ৫৯ হাজার ৫৯৩। এর মধ্যে কৃতকার্য হয়েছে ১ লাখ ৭২ হাজার ৪৭৯ জন। ছাত্র পাসের শতকরা হার ৬৬·৪৪। পক্ষান্তরে পরীক্ষার্থী ছাত্রীর সংখ্যা ছিল ১ লাখ ৬ হাজার ৭৮৮, কৃতকার্য হয়েছে ৬৮ হাজার ৬৫৫ জন। ছাত্রী পাসের হার শতকরা ৬৪·২৯।

ঢাকা বোর্ডে পাসের হার শতকরা ৫৮·১৬। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ১১ হাজার ৬৬০, কৃতকার্য হয়েছে ৬৪ হাজার ৯৪৬ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১০ হাজার ৩০৫ জন, দ্বিতীয় বিভাগে ৪৬ হাজার ৯১১ জন, তৃতীয় বিভাগে ৭ হাজার ৭৩০ জন উত্তীর্ণ হয়েছে।

কুমিল্লা বোর্ডে পাসের হার শতকরা ৭১·৯৬। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৪ হাজার ৩০৪, কৃতকার্য হয়েছে ৬০ হাজার ৬৬৮ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১০ হাজার ৬২ জন, দ্বিতীয় বিভাগে ৪২ হাজার ৩৯৯ জন, তৃতীয় বিভাগে ৮ হাজার ২০৭ জন উত্তীর্ণ হয়েছে।

রাজশাহী বোর্ডে পাসের হার শতকরা ৬৮·৭৯। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৯ হাজার ৬৭৯, কৃতকার্য হয়েছে ৬১ হাজার ৬৯৮ জন। এর মধ্যে প্রথম

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন



ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকারী জাহিদ হোসেনকে সান্ত্বনা দিচ্ছেন তার বাবা —ইনকিলাব

## দেশের ৪টি বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম

।। স্টাফ রিপোর্টার ।।

এবার এস, এস, সি পরীক্ষায় দেশের চার বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছেন রাজশাহী বোর্ডের অধীনস্থ রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র সাইফুল ইসলাম। মোট ৬টি বিষয়ে লেটারসহ তাঁর প্রাপ্ত নাম্বার হচ্ছে ৮৬৭। দ্বিতীয় হয়েছেন যশোর বোর্ডের অধীনস্থ ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ শাহেদ ফারুক সিনহা। ৬টি বিষয়ে লেটারসহ

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## ঢাকা বোর্ড পাসের হার শতকরা ৫৮.১৬

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বোর্ডে এস, এস, সি পরীক্ষায় পাসের হার শতকরা ৫৮.১৬। '৮৬ সালের মার্চে অনুষ্ঠিত এই পরীক্ষায় ১ লাখ ১১ হাজার ৬৬০ ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করেছে। এর মধ্যে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা হচ্ছে ৬৪ হাজার ৯৪৬ জন।

ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকার প্রথম দশটি স্থান অধিকারীর নাম নিম্নে দেয়া হলঃ

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## রাজশাহী বোর্ড পাসের হার শতকরা ৬৮·৭৯

।। স্টাফ রিপোর্টার ।।

রাজশাহী বোর্ডে এস, এস, সি পরীক্ষায় পাসের হার শতকরা ৬৮ দশমিক ৭৯। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৯ হাজার ৬৭৯। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৬১ হাজার ৬৯৮ জন ছাত্র-ছাত্রী।

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## পরীক্ষার ফল নিয়ে অপ্রীতিকর ঘটনা

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল এস এস সি পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পরপরই ধানমণ্ডী সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে রাস্তায় নেমে আসে। এ সময় মীরপুর রোডে সব রকম যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়, মারমুখো ছাত্ররা গাড়ীর পেছনে ধাওয়া করে।

উল্লেখ্য, এ স্কুলের ছাত্র মোঃ জাহিদ হাসান সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। কিন্তু

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## জাহিদহোসেন দ্বিতীয় সে নিউক্লিয়ার ফিজিক্স পড়বে

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বোর্ডে এসএসসি পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকারী কৃতি ছাত্র মোঃ জাহিদ হাসান বলেছে, আমিই প্রথম হয়েছি। গতকাল সাংবাদিকদের কাছে দ্বিতীয় স্থান অধিকারের কথা শুনে জাহিদ কান্নায় ভেঙ্গে পড়ে। এ সময় তার বাবা-মাও কান্নায় ভেঙ্গে পড়লে সে মাকে সান্ত্বনা দিয়ে বলে, তুমিতো জানো আমি প্রথম হয়েছি, কাঁদছো

শেষ পৃঃ ৮-এর কঃ দেখুন

## কুমিল্লা বোর্ডপাসের হার শতকরা ৭০

।। স্টাফ রিপোর্টার ।।

কুমিল্লা বোর্ডে এস,এস,সি পরীক্ষায় পাসের হার শতকরা ৭০। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৮৪ হাজার ৩০৪ জন, উত্তীর্ণ হয়েছে ৬০ হাজার ৬৬৮ জন।

সম্মিলিত মেধা তালিকার প্রথম ১০টি স্থান অধিকারীদের নাম নীচে দেয়া হলোঃ

(১) কুম—১ *২৬৪ মোহাম্মদ

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## যশোর বোর্ড পাসের হারশতকরা ৬৬.৬৬

।। স্টাফ রিপোর্টার ।।

যশোর বোর্ডর এস,এস,সি পরীক্ষায় এবার পাসের হার শতকরা ৬৬.৬৬। এই বোর্ডে মোট ৮০ হাজার ৭শ' ৩৮ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল। এদের মাঝে উত্তীর্ণ হয়েছে ৫৩ হাজার ৮শ' ২২ জন।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন